Home Office

# আক্রমণ বা সহিংসতা থেকে নারী ও মেয়েদের বাচাতে তিনটি পদক্ষেপ

## 1. সহিংসতার ঘটনাটি রিপোর্ট করুন
## 2. সহিংসতার হাত থেকে রক্ষা পেতে ব্যবস্থা গ্রহণ করুন
## 3. সহিংসতা থেকে নিরাপদে থাকুন

কৃষাঙ্গ ও সংখ্যালঘু জাতিস্বত্তার (বি এম ই) নারী ও শিশুদের জন্য একটি নির্দেশিকা

যাদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে এটি তৈরি করা হয়েছেঃ

Southall Black Sisters

সহিংসতা ও নির্যাতন থেকে রক্ষা পেতে কীভাবে সাহায্য পাওয়া যায় ও নিরাপদে থাকা যায় এই প্রচারপত্রটি সে সংক্রান্ত তথ্যাবলী আপনাকে জানিয়ে দেয়। আপনার একজন বন্ধুকে সাহায্যের জন্যও আপনি এটি ব্যবহার করতে পারেন।

যদিও এই প্রচারপত্রটিতে কৃষাঙ্গ ও সংখ্যালঘু জাতিসত্ত্বার নারী ও শিশুরা যে সব সমস্যার মুখোমুখি হয় সেগুলো নিয়ে আলোকপাত করা হয়েছে তথাপি অন্যান্য জাতীয়তা বা জাতিস্বত্তার সম্প্রদায়ের কেউ গৃহ নির্যাতন বা পারিবারিক সহিংসতা ও যৌন নিপীড়নের শিকার হলে তাদেরকে সাহায্যের জন্য তথ্যাবলীও এই প্রচারপত্রটিতে রয়েছে।

পড়ার সুবিধার জন্য ও অধিকাংশ ঘটনাগুলোতে এর প্রতিফলন হবার ফলে এই প্রচারপত্রটিতে সহিংসতা ও নির্যাতনের শিকার/ বেঁচে থাকা ব্যক্তি বলতে মহিলাদেরকে বুঝানো হয়েছে এবং অপরাধী বলতে পুরুষদেরকে বলা হয়েছে। তবে এর অর্থ এটা বুঝানো হয়নি যে সহিংসতা ও নির্যাতন সংক্রান্ত ঘটনা সম-লৈঙ্গিক সম্পর্ক স্থাপনকারী ব্যক্তিদের বা নারী কর্তৃক পুরুষদের বিরুদ্ধে করা হয় না।

সাউথহল ব্লাক সিস্টার্স এর সাথে মিলে একত্রে এই প্রচারপত্রটি লেখা হয়েছে

# 1. নারী ও মেয়েদের উপর সহিংসতা কি?

নারী ও মেয়েদের উপর সহিংসতার মধ্যে রয়েছে অনেক ধরণের সহিংস ও নির্যাতন মূলক আচরণ, যার মধ্যে রয়েছেঃ

- পারিবারিক সহিংসতা
- জোর পূর্বক বিয়ে
- যৌতুক সংক্রান্ত নির্যাতন
- মহিলাদের যৌনাঙ্গ বিচ্ছেদ/কেটে ফেলা (মহিলাদের মুসলমানী বা সুন্নাতে খতনা)
- সম্ভ্রম হানি সংক্রান্ত বিষয়ের উপর ভিত্তি করে সহিংসতা- সম্মান বজায় রাখার নামে অপরাধ ঘটানো
- যৌন সংক্রান্ত সহিংসতা
- ধর্ষণ
- যৌন সংক্রান্ত আক্রমণ
- উত্যক্ত বা বখাটেপনা ও হয়রানি

**সহিংসতা বা আপনার প্রতি নির্যাতনে আপনার কোন দোষ নেই এবং আপনাকে মুখ বুজে এটি সহ্য করতে হবে না।**

আপনি তিনটি পদক্ষেপ গ্রহণ করতে পারেনঃ

1. সহিংসতার ঘটনাটি রিপোর্ট করুন
2. আক্রমণের হাত থেকে রক্ষা পেতে ব্যবস্থা গ্রহণ করুন
3. আক্রমণ বা সহিংসতা থেকে নিরাপদে থাকুন

আপনি যদি মনে করেন যে আপনি আশু বা এই মূহুর্তে বিপদের মধ্যে আছেন তাহলে **999** নাম্বারে টেলিফোন করে পুলিশকে খবর দিবেন। পুলিশের কাছে টেলিফোন করতে ভয় পাবেন না। সব ধরণের পারিবারিক ও যৌন সহিংসতা এবং খারাপ চর্চা বা অভ্যাস গুরুতর অপরাধ এবং পুলিশ আপনাকে এবং আপনার বাচ্চাদেরকে এসবের হাত থেকে সুরক্ষা দিতে পারে। বি ইম ই (BME) ওমেন্স সার্ভিসেস (প্রচারপত্রটির শেষে তালিকা দেখুন) সহ অন্যান্য এজেন্সী বা সংস্থাগুলোও আপনাকে সাহায্য ও সহযোগিতা প্রদান করতে পারে।

# 2. পারিবারিক সহিংসতা

পারিবারিক সহিংসতা হল একজন সঙ্গী/প্রাক্তন সঙ্গী (স্বামী বা যৌন সঙ্গী) বা পরিবারের কোন সদস্যের দ্বারা এক ধরনের নির্যাতন বা নির্যাতন যেগুলো অনেকভাবে হতে পারেঃ

- এটি শারীরিক আক্রমণ হতে পারে যেমন আঘাত করা বা লাথি মারা
- এর মধ্যে আবেগ বা মানসিক সংক্রান্ত নির্যাতন অন্তর্ভুক্ত হতে পারে যেমন ধরুন, জোর পূর্বক অর্থ আদায়, মানসিক নিপীড়ন ও আপনার সাথে সম্পর্ক বিচ্ছেদের হুমকি বা আপনাকে বা আপনার বাচ্চাদেরকে প্রাণনাশের হুমকি প্রদান করা
- এটি আপনাকে নিয়ন্ত্রণের ব্যাপারে হতে পারে- যার অর্থ হল আপনি একলা ঘরের বাইরে যেতে পারবেন না বা আপনার পরিবার বা বন্ধুবান্ধবদের সাথে যোগাযোগ করতে পারবেন না বা টাকা পয়সা লেনদেন বা আপনার পছন্দমাফিক চাকুরী নিতে পারবেন না
- যৌন সংক্রান্ত হয়রানি ও উত্যক্ত বা বখাটেপনাও পারিবারিক ও যৌন সংক্রান্ত উভয় নির্যাতনের একটি বৈশিষ্ট্য হতে পারে
- এটির মধ্যে ধর্ষণ হতে পারে- বিবাহিত হওয়ার অর্থ এই নয় যে আপনার ইচ্ছার বিরুদ্ধে আপনার স্বামী আপনার সাথে যৌন সহবাস করার অধিকার রয়েছে

আপনি এসবের জন্য যে দায়ী নন সেটি অনুধাবন করা গুরুত্বপূর্ণ এবং এটি আপনাকে মুখ বুজে সহ্য করতে হবে না। কেউ নিগৃহীত হওয়া, নির্যাতন বা অবমাননার শিকার হওয়া প্রাপ্য নন নিদেনপক্ষে তাদের পরিবার বা জীবন সঙ্গীর কাছ থেকে।

## আপনার নির্যাতনকারীর আচরণের পরিবর্তন করা প্রয়োজন আপনার আচরণের নয়

পারিবারিক সহিংসতা 'সম্ভ্রম হানি সংক্রান্ত বিষয়ের উপর ভিত্তি করে সহিংসতা'র মত একই হতে পারে যদি কিনা সেটি পরিবার/কমিউনিটির সম্মান রক্ষার্থে করা হয় বা আপনি মনে করেন যে আপনি নির্যাতনকারীকে ছেড়ে যেতে পারবেন না এই ভয়ে যে আপনি তাকে ছেড়ে গেলে তার (নির্যাতনকারীর) জন্য বিষয়টি লজ্জাজনক হবে ও অসম্মানের হবে (সম্ভ্রম হানি সংক্রান্ত বিষয়ের উপর ভিত্তি করা সহিংসতার সেকশানটিতে দেখুন)

সরকার কর্তৃক গৃহ নির্যাতনের সংজ্ঞা: লিঙ্গ বা যৌন পরিচয় যাই হোক না কেন যিনি একান্ত জীবন সঙ্গী হিসাবে বা পরিবারের সদস্য হিসাবে আছেন বা ছিলেন এমন কোন ১৬ বছর বয়সী বা এর অধিক বয়সী কারো প্রতি নিয়ন্ত্রণ, নিপীড়নমূলক বা হুমকি প্রদান পূর্বক আচরণ, সহিংসতা বা নির্যাতনের ঘটনা চালানো বা এই ধরণের ঘটনার মুখোমুখি হওয়া হল গৃহ নির্যাতন। এর পরিধিতে নিম্নোক্ত নির্যাতন সম্পর্কিত বিষয়গুলো অন্তর্ভুক্ত তবে সেটি কেবলমাত্র এগুলোতে সীমাবদ্ধ নয়:

- মনস্তাত্ত্বিক
- শারীরিক
- যৌন
- আর্থিক
- মানসিক

"নিয়ন্ত্রণমূলক আচরণ হল: একজন ব্যক্তিকে গোলাম এবং/বা দাসী হিসাবে বানানোর উদ্দেশ্যে পরিচালিত নানা ধরণের কর্মকাণ্ড। এটি চরিতার্থ করতে তাদেরকে সহায়তা প্রাপ্তি থেকে আলাদা রাখা, ব্যক্তি স্বার্থ হাসিলের উদ্দেশ্যে তাদের যোগ্যতা ও মেধার বিকাশ প্রতিহত করা, তাদের স্বাধীন জীবন যাপনের মাধ্যমগুলো থেকে বঞ্চিত করা, তাদের দৈনন্দিন আচার আচরণে বাধা প্রদান ও সেগুলো করতে না দেয়া ও নিয়ন্ত্রণ করা"।

"নিপীড়নমূলক আচরণ হল: অপমান, হুমকি, অবমাননা ও ভয়ভীতি প্রদর্শনের মত কর্মকাণ্ড বা এ জাতীয় আচরণ বা অন্যান্য অত্যাচার যেটি কিনা ভুক্তভোগীকে[1] ক্ষতি, শাস্তি প্রদান বা ভয় ভীতি প্রদর্শনের উদ্দেশ্য করা হয়"।

---

1 এই সংজ্ঞাটি একটি আইনি বাধ্য বাধকতার অধীন শর্ত নয়, আর এর মধ্যে অন্তর্ভুক্ত হল তথাকথিত 'সম্ভ্রম' এর উপর ভিত্তি করে নির্যাতন, মেয়েদের যৌনাঙ্গ কর্তন ( এফ জি এম) এবং জোর পূর্বক বিয়ে। আর বিষয়টি স্পষ্ট যে ভুক্তভোগীরা শুধুমাত্র একই লিঙ্গের বা একই জাতিসত্তার অন্তর্ভুক্ত নয়।

# 3. ধর্ষণ ও যৌন সংক্রান্ত নির্যাতন

ধর্ষন ও যৌন সংক্রান্ত নির্যাতন একজন অপরিচিত ব্যক্তি, পরিচিত জন, বন্ধু, পরিবারের সদস্য বা সঙ্গী/প্রাক্তন সঙ্গীর (স্বামী/স্ত্রী বা যৌন সঙ্গী) দ্বারা যে কোন সময় যে কারোর উপর হতে পারে। আপনি যদি যৌন সহবাসে সম্মতি প্রদান না করেন তা সেটি যেখানেই এবং যার সাথে হোক না কেন সেটি হবে ধর্ষণ এবং একটি অপরাধঃ

- সম্মতির অর্থ হল আপনি সক্রিয় বা আগ্রহের সাথে যৌন সহবাস করতে চান এবং এটি করতে সম্মত রয়েছেন
- আপনি সম্মতি প্রদান করেছেন এমনটি ধারনা করার অধিকার কারো নেই- সে যেই হোক না কেন বা আপনার সাথে তার সম্পর্ক যাই হোক না কেন
- আপনার ইচ্ছার বিরুদ্ধে কেউ যৌন উদ্দেশ্য নিয়ে আপনাকে স্পর্শ করলে সেটি হবে যৌন হামলা এবং এটি একটি অপরাধও।

আপনি যদি ধর্ষণ বা যৌন নির্যাতনের শিকার হন তাহলে মনে রাখা জরুরী যে আপনি এর জন্য দায়ী নন।

ঘটনাটি আপনি পুলিশের কাছে রিপোর্ট করবেন কিনা সে ব্যাপারে সিদ্ধান্তে সাহায্যের জন্য আপনাকে সহায়তা প্রদান সহ সাহায্যের জন্য অনেক সংস্থা রয়েছে। এ সব সংস্থা এডভোকেসী ও কাউন্সেলিং পরিষেবাও প্রদান করতে পারবে। আপনি যদি জানেন যে ঘটনাটি আপনি পুলিশের কাছে রিপোর্ট করতে চান তাহলে সেটি যথা শীঘ্রই করা আপনার উচিত হবে।

আপনার এলাকার সংস্থাগুলো যারা আপনাকে সাহায্য করতে পারবে তাদের বিস্তারিত সহ আরো তথ্য আপনি পেতে পারেনঃ

- ন্যাশনাল রেপ ক্রাইসিস হেল্প লাইনে 0808 802 9999
- রেপ ক্রাইসিস (ইংল্যান্ড ও ওয়েলস) ওয়েবসাইট www.rapecrisis.co.uk এ ভিজিট এর মাধ্যমে
- সার্ভাইভর্স ট্রাস্ট ওয়েবসাইট www.thesurvivorstrust.org এ ভিজিট করার মাধ্যমে

# 4. সরকারী অর্থ বা সরকার প্রদত্ত বেনিফিট পাবার অধিকার নেই

আপনি যদি ইউ কে তে কারো স্বামী বা স্ত্রী, অবিবাহিত সঙ্গী, সম-লিঙ্গ বা একজন ব্রিটিশ নাগরিকের সিভিল পার্টনার (একই লিঙ্গের দুজন দম্পতি হিসাবে বসবাসকারী) বা নাগরিকত্ব পাননি এমন কেউ যার ইউ কেতে সেটেল্ড বা স্থায়ীভাবে বসবাসের অনুমতি রয়েছে এমন কারো সাথে এদেশে আসেন বা বসবাস করে থাকেন এবং পারিবারিক সহিংসতার কারণে আপনাদের সম্পর্কের প্রথম পাঁচ বছর মধ্যে (দুই বছর তাদের জন্য প্রযোজ্য যারা ৯ই জুলাই ২০১২ এর পূর্বে একটি স্পাউজ ভিসা পেয়েছেন) আপনার সম্পর্ক ভেঙে গিয়েছে তাহলে 'ডমিষ্টিক ভায়োলেন্স রুলের আওতায় ইউ কেতে আপনি স্থায়ীভাবে বসবাসের অনুমতির জন্য হয়ত আবেদন করতে পারবেন (যেটি ইন্ডিফিনিট লীভ টু রিমেন' নামেও পরিচিত)।

আপনার ভিসার মধ্যে যদি 'নো রিকোর্স টু পাবলিক ফান্ড' এই শব্দগুলো লেখা থাকে তাহলে আপনি সরকারী বেনিফিট (সরকার প্রদত্ত আর্থিক সুবিধা বা ভাতা) যেমন, স্থানীয় কাউন্সিলের হাউজিং ডিপার্টমেন্ট থেকে দেয়া আবাসন এবং অধিকাংশ সোশাল সিকিউরিটি বেনিফিট নিতে পারবেন না। তবে, আপনি যদি অন্তঃস্বত্বা হন বা অন্য কোন ভাবে অরক্ষিত যেমন, মানসিক স্বাস্থ্য বা অন্য কোন অসুস্থতা বা ডিজএবিলিটি থাকে তাহলে সহায়তার জন্য আপনার উচিত হবে (যদি সম্ভব হয় তাদের সাথে যোগাযোগের পূর্বে পরামর্শ নিবেন) কাউন্সিলের সোশাল কেয়ায় সার্ভিসেসের (সোশাল ওয়ার্কার) সাথে যোগাযোগ করা। কিছু কিছু ভিসার ক্ষেত্রে আপনি হয়ত কাউন্সিলের হাউজিং ও বেনিফিটসমূহের জন্য ক্লেইম করতে পারবেন তবে সেগুলো আপনি ক্লেইম করতে পারবেন কিনা তা সর্বদা পরীক্ষা করে দেখা আপনার উচিত হবে।

১লা এপ্রিল ২০১২ থেকে একজন স্পাউজ বা জীবন সঙ্গী যিনি পারিবারিক নির্যাতনের শিকার একজন ব্যক্তি হিসাবে যদি ইন্ডিফিনিট লীভ টু রিমেনের জন্য আবেদনের যোগ্য হন আর তিনি যদি নিঃস্ব বা অসহায় একজন ব্যক্তি হয়ে থাকেন তাহলে তিনি ডেস্টিটিউট ডমেস্টিক ভায়োলেন্স (গৃহ নির্যাতনের শিকারে নিঃস্বতা- সংক্ষেপে ডি ডি ভি) বিশেষ ব্যবস্থার অধীনে সরকারী অর্থ (পাবলিক ফাণ্ড) পেতে আবেদন করতে পারেন। এই বিশেষ ব্যবস্থার সুবিধা যারা পাবেন তারা শর্ত সাপেক্ষে এদেশে থাকার অনুমতি পাবেন আর তারা বিশেষ ব্যবস্থার অধীনে থাকার কারণে পাবলিক ফাণ্ড পাবার অনুমতি পাবেন। বিশেষ ব্যবস্থার অধীনে ৩ মাসের জন্য সাময়িকভাবে থাকার অনুমতি প্রদান করা হয় আর এই সময়ের মধ্যে ডমেস্টিক ভায়োলেন্স (গৃহ নির্যাতন) এর অধীনে আপনাকে অবশ্যই ইন্ডিফিনিট লীভ টু রিমেন (স্থায়ী বসবাসের জন্য অনুমোদন চেয়ে আবেদন) এর জন্য আবেদন করতে হবে। আপনাকে বসবাসের অনুমতি প্রদান করা হবে কিনা সেটি জানতে ইউকে বর্ডার এজেন্সীর কাছে আবেদন পত্র পাঠানোর পূর্বে আপনাকে আইনি পরামর্শ গ্রহণ করার ব্যাপারে আমরা সুপারিশ করবো।

বিকল্পভাবে, ডি ডি ভি বিশেষ ব্যবস্থার অধীনে আপনি ইউকে বর্ডার এজেন্সীর নিকট সরাসরি একটি আবেদন করতে পারেন (দেখুন www.ukba.homeoffice.gov.uk/visas-immigration/while-in-the-uk/domestic violence for notification forms and guidance এ)

এই আবেদন পত্রে আপনাকে সাহায্যের জন্য আপনি BME ও অন্যান্য মহিলা সংস্থাদের সাথে যোগাযোগ করতে পারেন।লণ্ডনে বসবাসরত মহিলারা যারা ডি ডি ভি বিশেষ ব্যবস্থার অধীনে থেকে সাহায্য পাবেন না তারা হাউজিং ও জীবিকা নির্বাহের আর্থিক সাহায্যের জন্য সাউথহল ব্লাক সিস্টার্সের সাথেও যোগাযোগ করতে পারেন। আপনি info@southallblacksisters.co.uk ঠিকানায় ইমেইল করতে পারেন বা 020 8571 0800 নম্বরে টেলিফোন করতে পারেন।

# 5. ইউকেতে স্থায়ীভাবে বসবাসের অনুমতির জন্য আবেদন

পারিবারিক সহিংসতার শিকার যারা ইউকেতে স্পাউজ (স্বামী/স্ত্রী), সিভিল, অবিবাহিত বা সম লৈঙ্গিক সঙ্গী (সেম সেক্স পার্টনার) এর ভিসা নিয়ে প্রবেশ করেছেন তারা ইমিগ্রেশন আইনের আওতায় ইউকেতে স্থায়ীভাবে বসবাসের অনুমতি চেয়ে আবেদন করতে পারেন। পারিবারিক সহিংসতার শিকার একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তি হিসাবে স্থায়ী বসবাসের অনুমোদন পেতে আপনাকে অবশ্যই প্রমাণ করতে হবে যে উপরে উল্লেখিত ক্যাটাগরির যে কোন একটিতে আপনাকে ইউকেতে প্রবেশের বা বসবাসের অনুমতির দেয়া হয়েছিল এবং আপনি পারিবারিক সহিংসতার শিকার হয়েছেন এবং এর ফলে আপনার ইউকেতে প্রবেশের বা বসবাসের অনুমতি শেষ হবার পূর্বে আপনার সম্পর্ক ভেঙ্গে গিয়েছে।

ইউকেতে পারিবারিক সহিংসতার বা অন্যান্য সহিংসতার শিকার ব্যক্তিরা যারা অন্যান্য ক্যাটাগরী বা ধরণের ভিসার অধীনে আছেন তাদের সহায়তা চাওয়া বা ইমিগ্রেশান আইনের বাইরে সহানুভূতি (কম্পাশনেট) বা অন্যান্য কারণের ভিত্তিতে ইউকেতে বসবাসের অনুমোদন চেয়ে আবেদন করা উচিত হবে। স্বদেশে ফিরে গেলে যে সব মহিলারা নির্যাতনের শিকার হবার ভয়ে আছেন তারা এসাইলাম (আশ্রয় প্রার্থনা) বা মানবিক সংক্রান্ত সুরক্ষার (হিউম্যানেটেরিয়ান প্রটেকশান) জন্যও পরামর্শ গ্রহণ করতে পারেন। আপনার ভিসার মেয়াদ শেষ হয়ে যাবার পূর্বে ইউকেতে থাকার অনুমোদন চেয়ে একটি আবেদন দাখিল করার চেষ্টা করা আপনার উচিত হবে। তবে এর পরেও আপনি দেরিতে বা 'সময়ের বাইরে' আবেদনের জন্য পরামর্শ গ্রহণ করতে পারেন তবে, আপনাকে অবশ্যই বিলম্বে আবেদনের কারণটি স্পষ্ট ব্যাখ্যা করে বলতে হবে।

ইমিগ্রেশান, এসাইলাম ও বেনিফিটের আইন কানুন ও নিয়ম পরিবর্তনযোগ্য সুতরাং এই বিষয়গুলোতে সর্বদা পরামর্শ গ্রহণ করা আপনার উচিত হবে।

যথা শীঘ্রই সম্ভব আপনার উচিত হবে একজন সত্যিকারভাবে যোগ্য ইমিগ্রেশান সার্ভিস বা সলিসিটরের সাথে যোগাযোগ করা সম্ভব হলে সরকারী অনুদান প্রাপ্ত (লিগাল এইডের অধীনে) কারো সাথে যোগাযোগ করবেন। ইউকেতে থাকার ব্যাপারে আপনার পরবর্তী করণীয় কি হবে সে ব্যাপারে তারা আপনাকে পরামর্শ দিতে পারবেন। এই সাহায্য কোথায় পাওয়া যাবে সে ব্যাপারে পরামর্শ এবং এর উপর সচারচর সহায়তার জন্য এবং কীভাবে এসাইলাম সহায়তা সহ হাউজিং ও আর্থিক সহায়তা সংক্রান্ত সুযোগ সুবিধা পাওয়া যায় সে ব্যাপারে পরামর্শের জন্য বি এম ই (BME) নারী ও ইমিগ্রেশান পরামর্শ সংক্রান্ত সংস্থাগুলোতে যোগাযোগ করুন।

ইমিগ্রেশানের ব্যাপারে আরো তথ্যের জন্য www.ukba.homeoffice.gov.uk/while-in-uk/domesticAbuse/ ওয়েবসাইটে ভিজিট করুন বা ইমেইল করুন UKBApublicenquiries@ukba.gsi.gov.uk ঠিকানায়। আপনি 0870 606 7766 নম্বরে টেলিফোন করেও ইউ কে বর্ডার এজেন্সীর সাথে যোগাযোগ করতে পারেন।

# 6. 'সম্ভ্রম' সংক্রান্ত বিষয়ের উপর ভিত্তি করে সহিংসতা/নির্যাতন (HBV)

'সম্ভ্রম' সংক্রান্ত বিষয়ের উপর ভিত্তি করে সহিংসতা বা 'সম্ভ্রম' সংক্রান্ত অপরাধ একটি সহিংসতার কর্মকাণ্ড যেটি অপরাধীর ব্যাখ্যাতে পরিবার/কমিউনিটির 'সম্মান' সুরক্ষা বা রক্ষা করার জন্য করা হয়েছে। এসব অপরাধের মধ্যে রয়েছেঃ

- পারিবারিক ও যৌন সংক্রান্ত সহিংসতা
- জোর পূর্বক বিয়ে
- যৌন সংক্রান্ত হয়রানি
- বৃহত্তর পরিবার বা কমিউনিটির সদস্যদের দ্বারা সামাজিকভাবে প্রত্যাখ্যান ও অন্যান্য নিয়ন্ত্রণ ও নির্যাতনমূলক আচরণ করা

নারীরা প্রথাগত সংস্কৃতি ও ধর্মীয় প্রত্যাশা মেনে না চলার দায়ে সম্ভ্রম সংক্রান্ত বিষয়ের উপর ভিত্তি করে হয়ত সহিংসতার (HBV) শিকার হতে পারে, উদাহরণ স্বরূপ যার মধ্যে রয়েছেঃ

- মেক-আপ (সাজ গোঁজের জন্য মুখে প্রসাধনের ব্যবহার) ব্যবহার বা পশ্চিমা ধরনের কাপড় চোপড় পরা
- বয় ফ্রেন্ড থাকা বা পরিবারের সদস্য নয় এমন কোন পুরুষের সাথে একাকী চলতে দেখা
- বিবাহের বাইরে অন্তঃসত্ত্বা হওয়া
- অন্য ধর্ম ও জাতীয়তার কারো সাথে সম্পর্ক স্থাপন করা
- জোর পূর্বক বিয়ের বন্দোবস্তকে প্রত্যাখ্যান করা
- গুজব শুনা/আপত্তিজনক কর্মকাণ্ডে জড়িত থাকতে দেখা

এইচ বি ভি (HBV) ঘটনার ক্ষেত্রে ঝুঁকির পরিমাণ বেশী হতে পারে কারণ বৃহত্তর পরিবারে বা কমিউনিটির মাঝে হয়ত অনেক নির্যাতনকারী থাকতে পারে যারা হয়ত নারীদের হয়রানি বা নির্যাতন করতে আরো বেশি সংগঠিত। পরিবারের বা কমিউনিটির অন্যান্য লোকজন হয়ত ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে নির্যাতনমূলক পরিস্থিতিতে ফিরে আসার জন্য চাপ সৃষ্টি করতে পারে বা তাকে (অপরাধের শিকার ব্যক্তিকে) সহায়তা প্রদানে ব্যর্থ হতে পারে।

**অপরাধের শিকার ব্যক্তির উচিত হবে তাদের ও তাদের বাচ্চাদের সুরক্ষার জন্য জরুরী ভাবে সাহায্য চাওয়া**

# 7. জোর পূর্বক বিয়ে (ফোর্সড ম্যারিজ)

জোর পূর্বক বিয়ে হল যখন কারোর ইচ্ছা ও অনুমতি ব্যতীত অন্য কারো সাথে বিয়েতে বাধ্য করা। জোর পূর্বক বিয়ে হল এমন একটি বিয়ে যেখানে স্বামী বা স্ত্রী দু'জনই বা একজনের কেউ বিয়েতে সম্মতি প্রদান করে না, বা সম্মতি প্রদানে অক্ষম, এবং যেখানে জোর জবরদস্তির ব্যাপার জড়িত থাকে। এর মধ্যে শারীরিক, যৌন সংক্রান্ত, মনস্তত্ত্বিক,আর্থিক ও মানসিক চাপ হতে পারে।

জোর পূর্বক বিয়ে এরেঞ্জড (বন্দোবস্ত বা পিতামাতার পছন্দ অনুযায়ী বিয়ে) ম্যারিজ থেকে সম্পূর্ণ আলাদা। এরেঞ্জড ম্যারিজের ক্ষেত্রে সঙ্গী বেছে ও পরিচয় করিয়ে দেবার ক্ষেত্রে পরিবার হয়ত ভূমিকা রাখতে পারে। বন্দোবস্তটি মেনে নেয়া হবে কিনা সেটির পছন্দ বেছে নেবার সিদ্ধান্ত হবু স্বামী বা স্ত্রীর উপর নির্ভরশীল। অন্য কথায়- মূল বিষয় যেটি বিবেচনায় আনা হয় সেটি হল পছন্দের বিষয়টি- ব্যক্তিবিশেষ এসব ক্ষেত্রে কাকে বিয়ে করবেন বা করবেন না সেই পছন্দটি সর্বদা স্বাধীনভাবে বেছে নিতে পারবেন।

কিছু কিছু ক্ষেত্রে, হবু স্বামী বা স্ত্রীকে জোর পূর্বক বিয়ের ব্যাপারটি না জানিয়ে তাদেরকে বিদেশে নেয়া হয়। তারা যখন বিদেশে পৌঁছান তাদের কাছ থেকে হয়ত তাদের পাসপোর্ট সরিয়ে ফেলা হয় এবং হয়ত বলা হয় যে তারা স্বদেশে ফিরে যেতে পারবেন না।

আপনাকে সাহায্যের জন্য বা আপনি যদি কারো জোর পূর্বক বিয়ের কথা জানেন তাদেরকে সাহায্যের জন্য বিশেষ সহায়তা পরিষেবা এবং আইনি ব্যবস্থা রয়েছে। এসব সাহায্যের মধ্যে রয়েছে বিয়ে বন্ধ করতে সিভিল কোর্ট (দেওয়ানি আদালত) থেকে একটি আদেশনামা নিতে সাহায্য বা জোর পূর্বক বিয়ে ত্যাগ করতে আপনাকে সাহায্য। আপনি যদি উদ্বিগ্ন হয়ে থাকেন তাহলে আপনার আস্থা আছে এমন কারো সাথে সেটি বলা আপনার উচিত হবে যেমন ধরুন, আপনার শিক্ষক, পুলিশ বা বিশেষজ্ঞতা সম্পন্ন সহায়ক সংস্থাগুলোর একটির সাথে আপনি যোগাযোগ করতে পারেন (এই প্রচার পত্রটির শেষে তালিকাটি দেখুন)।

সাউথ হল ব্লাক সিস্টার্সকে 020 8571 0800 নম্বরে বা তাদেরকে info@southallblacksisters.co.uk ঠিকানায় ইমেইল করতে পারেন।

ইউকেতে ও বিদেশে জোর পূর্বক বিয়ের শিকারের ঝুঁকির মধ্যে,বা ঝুঁকির সম্ভাবনার মধ্যে থাকা ব্রিটিশ নাগরিকদের সহায়তা ও তথ্য সরবরাহের জন্য সরকারের ফোর্সড ম্যারিজ ইউনিট দায়বদ্ধ। তাদের সাথে যোগাযোগের জন্য আপনি 0207 008 0151 নম্বরে টেলিফোন করতে পারেন বা তাদের ওয়েবসাইট www.fco.gov.uk/forcedmarriage এ ভিজিট করতে পারেন।

# ৪. যৌতুক সংক্রান্ত নির্যাতন

বিয়েটি জোর পূর্বক হোক বা না হোক বিয়ের পর অনেক ক্ষেত্রে মহিলাদের সাথে যথেষ্ট পরিমাণ যৌতুক তাদের সাথে না আনার কারণে তাদেরকে হয়ত হয়রানি বা নির্যাতনের শিকার হতে হয়।

**অতিরিক্ত পরিমাণ যৌতুক দাবির মধ্যে থাকতে পারে মোটা অংকের নগদ অর্থ, সম্পত্তি, জুয়েলারী বা অন্যান্য দামী সামগ্রী প্রদানের দাবি।**

যে কোন ধরনের নির্যাতন গ্রহণযোগ্য নয় এবং পুলিশ ও নারী সংগঠনগুলোর বিশেষত বি এম এ (BME) ওমেন্স সার্ভিসেসের নিকট থেকে সাহায্য চাওয়া আপনার উচিত হবে। এছাড়াও আপনি যৌতুক ফেরত পাবার দাবি করলে বা আপনার সুরক্ষার জন্য আদালত থেকে আদেশনামা চাইলে একজন ফ্যামিলি সলিসিটরের সাথে পরামর্শ করবেন।

সাউথ হল ব্ল্যাক সিস্টার্স এর সাথেও আপনি 020 8571 0800 নম্বরে বা info@southallblacksisters.co.uk ইমেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারেন।

# ৭. মহিলাদের যৌনাঙ্গ কর্তন (এফ জি এম)

মহিলাদের যৌনাঙ্গ ছেদ/কর্তন হল অ-স্বাস্থ্য সংক্রান্ত কারণে (নন মেডিক্যাল রিজন) মহিলাদের যৌনাঙ্গের বাহ্যিক অংশের আংশিক বা সম্পূর্ণটুকু কেটে ফেলা বা যৌনাঙ্গে অন্য ধরনের ক্ষতিসাধন করা। ইউকেতে এ ধরনের কাজ করা একটি অপরাধ এমনকি যৌনাঙ্গ কর্তনের জন্য কাউকে বিদেশে নেয়া হলেও। মহিলাদের এই যৌনাঙ্গ ছেদ/কর্তন কখনও কখনও মহিলাদের সুন্নাতে খতনা (মুসলমানী) বা 'সুন্নাহ' নামে পরিচিত।

**এফ জি এম (FGM) এর ফলে যখন যৌনাঙ্গ ছেদ/কর্তন করা হয় তখন সংক্রমণে আক্রান্ত হওয়ার প্রচণ্ড ঝুঁকিতে থাকা সহ এবং পরবর্তীতে স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকিতে থাকার পরিমাণ মারাত্মক। পরবর্তীতে যে ঝুঁকি গুলো রয়েছে তার মধ্যে হল দীর্ঘ মেয়াদী প্রতিবন্ধীত্বের জীবন, গর্ভ ধারণে ও শিশু জন্মের সময় কঠিন সমস্যা, এবং এমনকি মৃত্যু।**

আপনি যদি ইউকেতে বা বিদেশে এফ জি এম (FGM) এর ঝুঁকির মধ্যে থাকেন বা হয়ত এফ জি এম (FGM)এর ঝুঁকির মধ্যে আছেন এমন কাউকে নিয়ে উদ্বিগ্ন হলে তাহলে আপনার আস্থা রয়েছে এমন একজন পেশাজীবী যেমন একজন শিক্ষক, নার্স বা ডাক্তারের সাথে কথা বলুন বা ঘটনাটি পুলিশের কাছে ও সোশাল কেয়ার সার্ভিসে রিপোর্ট করুন। আপনি একটি বিশেষজ্ঞতা সম্পন্ন বি এম ই (BME) নারী সংগঠনের সাথে বা একটি বিশেষজ্ঞতা সম্পন্ন এফ জি এম(FGM) ক্লিনিকেও যোগাযোগ করতে পারেন। আপনার আশে পাশের বিশেষজ্ঞতা সম্পন্ন ক্লিনিক খুঁজে পেতে আপনি www.forwarduk.org.uk/resources/support/well-woman-clinics ওয়েবসাইটে যেতে পারেন।

# 10. আপনার জন্য সাহায্য

ইমিগ্রেশান স্ট্যাটাস (ইউকেতে বসবাসের আইনি অবস্থান) ও সুযোগ সুবিধা পাবার বিষয়গুলো নিয়ে উদ্বেগের মধ্যে থেকে পরিবার ও কমিউনিটির সদস্যদের কাছ থেকে সাংস্কৃতিক বা ধর্মীয় চাপ অতিক্রম করে একটি নির্যাতনমূলক সম্পর্ক ছেড়ে আসা কত কঠিন হতে পারে সেটি আমাদের জানা আছে। **সাহায্য চাইতে আপনি ভয় পাবেন না।**

আপনি ইংরেজী বলতে না পারলে অধিকাংশ সংবিধিবদ্ধ সংস্থা আপনাকে একজন নিরপেক্ষ ইন্টারপ্রেটারের ব্যবস্থা করতে পারবে। আপনি যদি উদ্বিগ্ন থাকেন যে ইন্টারপ্রেটার আপনার পরিবারকে আপনার সম্পর্কে বলে দিবে তাহলে আপনি অন্য একজন ইন্টারপ্রেটারের জন্য বলতে পারেন।

আপনি আস্থা আনতে পারেন এমন কারো সাথে কথা বলুন এবং নির্যাতনের ঘটনাটি পুলিশ বা বিশেষজ্ঞতা সম্পন্ন পারিবারিক ও যৌন সংক্রান্ত সহিংসতার বিষয়ে কাজ করে এমন সংস্থা বা এডভাইজরের সাথে কথা বলুন।

আপনার জন্য কি কি আইনি ব্যবস্থা বেছে নেবার সুযোগ রয়েছে সেগুলো সম্পর্কেএই সব সংস্থা আপনার সাথে আলোচনা করতে পারবে যে গুলোর মধ্যে রয়েছে আপনার নির্যাতনকারীর বিরুদ্ধে ফৌজদারী ব্যবস্থা (ক্রিমিনাল একশান) গ্রহণ এবং আপনাকে ও আপনার বাচ্চাদেরকে সুরক্ষার জন্য সিভিল বা পারিবারিক আদালত থেকে আদেশনামার ব্যবস্থা। এই সব সংস্থা আরো যে সব বিষয়েও পরামর্শ দিতে পারবে সেগুলো হলঃ

- হাউজিং
- টাকা পয়সা সংক্রান্ত
- স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য সংক্রান্ত, যার মধ্য রয়েছে নিজেকে নিজে ক্ষতি করা সংক্রান্ত বিষয়
- সোশাল কেয়ার
- এডুকেশান ও বাচ্চাদের প্রয়োজন সংক্রান্ত

আপনি যদি ঘরে বসবাস করে থাকেন এবং সহিংসতা ও নির্যাতনের কারণে যদি আপনাকে ঘর ছেড়ে যেতে হয় তাহলে ভবিষ্যতের জন্য কিছু পরিকল্পনা করা জরুরি হবে। নিম্নলিখিত গুলি ঘরে নিরাপদে রাখবেন বা সম্ভব হলে আস্থাবান একজন বন্ধুর কাছে রাখবেনঃ

- জরুরি কাগজপত্র যেমন, জন্ম সনদ, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, ইমিগ্রেশান সংক্রান্ত কাগজপত্র, কোর্ট অর্ডার ও আইনি কাগজপত্র, জায়গা সম্পত্তি ও আর্থিক সংক্রান্ত কাগজপত্র, এবং অতিরিক্ত ক্রেডিট ও ডেবিট কার্ডসমুহ।

- আপনার ও আপনার বাচ্চাদের জন্য কাপড় চোপড় ভর্তি একটি ব্যাগ এবং সামনের দরজার ও গাড়ীর চাবি, মোবাইল ফোন, পূর্ণ ভর্তি ক্রেডিট, নগদ অর্থ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দ্রব্যাদি যেমন, ব্যবস্থাপত্রে থাকা অতিরিক্ত ঔষধপত্র

কিন্ত আপনাকে যদি ঘর ছেড়ে যেতে হয় তাহলে এই সব জিনিষপত্র আপনার সাথে নিতে না পারলে দুশ্চিন্তা করবেন না- পুলিশের সাথে আপনি ফিরে এসে সব সময় এগুলো নিতে পারবেন।

**যদি বাচ্চাদেরকে সাথে নেয়া নিরাপদ হয় তাহলে তাদেরকে আপনার সাথে নিবেন।** যদি সম্ভব না হয় তাহলে সাহায্যের জন্য পুলিশ, একজন ফ্যামিলি সলিসিটর এবং পারিবারিক নির্যাতনের উপর কর্মরত নারী সংস্থা বা এডভাইজারের সাথে যোগাযোগ করবেন।

জরুরি অবস্থায় আপনি যে তিনিটি নিরাপদ স্থানে যেতে পারেন সেটি চিন্তা করুনঃ

- পুলিশ স্টেশান
- একজন বন্ধুর বাসায়
- মহিলাদের জন্য রিফিউজ (আশ্রয়) বা পারিবারিক/যৌন সংক্রান্ত সহিংসতায় সহায়তাকারী সংস্থা

# 11. সাহায্য ও সহায়তা

## জরুরী টেলিফোন নাম্বার সমূহ এবং ডমেষ্টিক ভায়োলেন্স হেল্প লাইন

- **পুলিশ, এ্যাম্বুলেন্স এবং ফায়ার ব্রিগেডঃ**
  999 (ফ্রি ফোন, 24 ঘণ্টা ব্যাপী)
- **ন্যাশনাল ডমেষ্টিক ভায়োলেন্স হেল্পলাইনঃ**
  0808 2000 247 (ফ্রি ফোন, 24ঘণ্টা ব্যাপী)
  ওমেন্স এইড ও রিফিউজের অংশীদারিত্বের ভিত্তিতে পরিচালিত

## স্পেশালিষ্ট হেল্পলাইন সমূহ

- **সাউথহল ব্লাক সিস্টার্‌স**
  (যে সকল বি ইম ই (BME) মহিলারা পারিবারিক/যৌন সংক্রান্ত সহিংসতা, জোর পূর্বক বিয়ে, যৌতুক সংক্রান্ত নির্যাতন, এফ জি এম (FGM), এইচ বি ভি (HBV) এবং ইমিগ্রেশান/সরকারী বেনিফিট বা অনুদান নেবার অনুমতি নেই এ ধরনের সমস্যায় আছেন তাদের জন্য)
  হেল্পলাইনঃ 020 8571 0800,
  ওয়েবসাইটঃ www.southallblacksisters.org.uk
- **ফোর্সড ম্যারিজ ইউনিট**
  হেল্পলাইনঃ 0207 008 0151,
  ওয়েবসাইটঃ www.fco.gov.uk/forcedmarriage
- **স্টকিং হেল্পলাইন**
  হেল্পলাইনঃ 0808 802 0300,
  ওয়েবসাইটঃ www.stalkinghelpline.org
- **রেপ ক্রাইসিস** (ইংল্যাণ্ড ও ওয়েলস)
  হেল্পলাইনঃ 0808 802 9999 (ফ্রি ফোন)
  ওয়েবসাইটঃ www.rapecrisis.org.uk

## নর্দাণ আয়ারল্যাণ্ড, স্কটল্যাণ্ড এবং ওয়েল্‌স এর জন্য হেল্পলাইন

- **নর্দাণ আয়ারল্যাণ্ড ওমেন্স এইড 24 আওয়ার ডমেষ্টিক এবিউজ হেল্পলাইন**
  হেল্পলাইনঃ 028 9033 1818
- **স্কটিশ ডমেষ্টিক এবিউজ হেল্পলাইন**
  হেল্পলাইনঃ 0800 027 1234
- **অল ওয়েল্‌স ডমেষ্টিক এবিউজ এন্ড সেক্সুয়াল ভায়োলেন্স** (ওয়েল্‌স ওমেন্স এইড)
  হেল্পলাইনঃ 0808 80 10 800
- **দ্য ডিয়ন ওয়েল্‌স/ডিয়ন সিমরু হেল্পলাইনঃ**
  0808 801 0321
- **বি এ ডব্লিউ এস ও** (ওয়য়েল্‌স এর বি এম ই (BME) নারীদের জন্য)
  হেল্পলাইনঃ 0800 731 8147
- **রেপ ক্রাইসিস স্কটল্যাণ্ড**
  হেল্পলাইনঃ 08088 010302
  (ফ্রি ফোন)
- **নর্দাণ আয়ারল্যাণ্ড রেপ ক্রাইসিস এন্ড সেক্সুয়াল এবিউজ সেন্টার**
  হেল্পলাইনঃ 028 9032 9002 (ফ্রি ফোন)

## এফ জি এম (FGM)

- **ফাউন্ডেশান ফর ওমেন্স হেল্‌থ রিসার্চ এন্ড ডেভলপমেন্ট** (ফরওয়ার্ড - FORWARD)
  হেল্পলাইনঃ 020 8960 4000
  ওয়েবসাইটঃ www.forwarduk.org.uk
- **মেট্রপলিটন পুলিশ**
  (চাইল্ড এবিউজ ইনভিস্টিগেশান কমান্ড/ প্রজেক্ট আজুর)
  হেল্পলাইন্নঃ 020 7161 2888

## ইমিগ্রেশান, এসাইলাম এন্ড নো রিকোর্স

- **সাউথহল ব্ল্যাক সিসটার্স**
  হেল্পলাইনঃ 020 8571 0800
  ওয়েবসাইটঃ
  www.southallblacksisters.org.uk
- **সোজুর্নর প্রজেক্ট-ইভ্‌স হাউজিং ফর ওমেন**
  হেল্পলাইনঃ 020 7735 2062,
  ওয়েসাইটঃ www.eaves4women.co.uk
- **জয়েন্ট কাউন্সিল ফর দ্য ওয়েলফেয়ার অফ ইমিগ্রান্টস**
  হেল্পলাইনঃ 020 7251 8708
- **এসাইলাম এইড**
  হেল্পলাইনঃ 0207 354 9264

## অন্যান্য

- **ব্রোকেন রেইনবো** (লেজবিয়ান, গে, বাই সেক্সুয়াল, ট্রান্সজেন্ডার এর জন্য)
  হেল্পলাইনঃ 0300 999 5428
- **ওমেন্স এডভাইজ লাইন**
  হেল্পলাইনঃ 0808 801 0327
- **রেস্পেক্ট এডভাইজ লাইন**
  (সঙ্গীদের প্রতি যারা নির্যাতনমূখী এবং নির্যাতন বন্ধ করতে যারা সাহায্য চান সে সব লোকদের তথ্য ও উপদেশ প্রদান পূর্বক সাহয্যের জন্য)
  হেল্পলাইনঃ 0808 802 4040
- **চাইল্ডলাইন**
  (24ঘণ্টা ব্যাপী বাচ্চাদের সাহায্যের জন্য)
  হেল্পলাইনঃ 0800 1111
- **সামারিতান্‌স** (আপনি যদি বিষণ্ণতায় ভুগেন তাহলে আপনার জন্য 24ঘণ্টা ব্যাপী ফ্রি)
  হেল্পলাইনঃ 08457 90 90 90
- **দ্য এন ক্রাফট ট্রাস্ট**
  (শেখার প্রতিবন্ধকত্ব থাকা মানুষদের নির্যাতনের হাত থেকে সুরক্ষার জন্য)
  হেল্পলাইনঃ 0115 951 5400
- **রেস্পন্ড** (শেখার অক্ষমতা আছে এমন লোকদের, তাদের পরিবার, কেয়ারার ও পেশাজীবি যারা কঠিন মানসিক সমস্যা ও নির্যাতনের শিকার তাদের সহায়তার জন্য)
  হেল্পলাইনঃ 0808 808 0700
- **ভয়েস ইউকে** (শেখার প্রতিবন্ধকত্ব এবং অন্যান্য অরক্ষিত মানুষ যারা অপরাধ বা নির্যাতনের শিকার হয়েছেন তাদের সহায়তার জন্য)
  হেল্পলাইনঃ 0845 122 8695

Bengali

Home Office

ISBN: 978-1-84987-550-9
হোম অফিস কর্তৃক প্রকাশিত © ক্রাউন কপিরাইট 2012

অনলাইনে পাণ্ডুলিপি পাওয়া যাবেঃ
www.homeoffice.gsi.gov.uk/crime/violence-against-women-girls ঠিকানায়

recycle
When you have finished with this publication please recycle it

75% recycled
This publication is printed on 75% recycled paper